

আরো একটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের আত্মপ্রকাশ

কাগজ প্রতিবেদক ডেফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি নামে আরো একটি প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের আত্মপ্রকাশ ঘটেছে। গতকাল মঙ্গলবার এক সংবাদ সম্মেলনের মাধ্যমে এই বিশ্ববিদ্যালয়ের আনুষ্ঠানিক উদ্বোধনের কথা জানানো হয়। জাতীয় প্রেসক্রোবে আয়োজিত এই সংবাদ সম্মেলনে ডেফোডিল বিশ্ববিদ্যালয়ের চেয়ারম্যান মোঃ সুরুর খান জানান, এই বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হচ্ছেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য বিনিস্ট শিক্ষাবিদ প্রফেসর আমিনুল ইসলাম। সংবাদ সম্মেলনে প্রফেসর শাহজাহান মিনা ও প্রফেসর ড. নুরুল আজমসহ অন্য শিক্ষকগণ উপস্থিত ছিলেন।

সংবাদ সম্মেলনে জানানো হয়, তথ্য প্রযুক্তি ও ব্যবসায় প্রশাসনে দক্ষ পেশাদার শ্রেণী গড়ে তোলার প্রয়োজনে এই ডেফোডিল বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করা হয়েছে। আন্তর্জাতিকমানের কারিকুলাম অনুযায়ী এখানে ছাত্রছাত্রীদের শিক্ষাদান করা হবে। যে কোনো কোর্স সম্পন্ন করতে ২ থেকে ৩ লাখ টাকা শিক্ষার্থীদের ব্যয় হবে। তবে গরিব কিন্তু মেধাবী শিক্ষার্থীদের জন্য কিছু সুযোগ-সুবিধা রাখা হবে বলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানান।

ধানমন্ত্রির ১৪ নম্বর সড়কে কয়েকটি ভবন নিয়ে শুরু হচ্ছে এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম। দেশে বর্তমানে ২৯টা এরকম প্রাইভেট বিশ্ববিদ্যালয় রয়েছে।